

# নাগরিক কমিটি

তারিখ : ১৯/১১/২০১৭

## প্রেস বিজ্ঞপ্তি

### ৭ই মার্চের বিশ্বস্বীকৃতি'র অনুষ্ঠান

#### সর্বস্তরের জনগণের প্রতি নাগরিক কমিটির ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন

নাগরিক কমিটির আহ্বায়ক অধ্যাপক আনিসুজ্জামান ও এর সদস্যবৃন্দ এক বিবৃতিতে বলেন, “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ইউনেস্কো কর্তৃক ‘ওয়ার্ল্ড ডকুমেন্টারি হেরিটেজ’ হিসেবে স্বীকৃতি পাওয়ায় ১৮ই নভেম্বর ২০১৭ তারিখ ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে নাগরিক কমিটির উদ্যোগে এক সমাবেশ আয়োজন করা হয়। প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র উপস্থিতিতে অনুষ্ঠিত এ সমাবেশে সকল পেশা ও শ্রেণীর বিপুল সংখ্যক মানুষ স্বতঃস্ফূর্তভাবে যোগদান করে অনুষ্ঠানকে সাফল্যমণ্ডিত করেন। এজন্য নাগরিক কমিটির পক্ষ থেকে আমরা সর্বস্তরের জনগণকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।”

বার্তা প্রেরক,



(প্রফেসর ড. হারুন-অর-রশিদ)

যুগ্ম আহ্বায়ক, নাগরিক কমিটি

ও

উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়